

চলতি মৌসুমে বোনাস মাইল অর্জনের সুযোগ পাচ্ছেন এমিরেটস স্কাইওয়ার্ডস সদস্যরা

- A Monitor Desk Report

Date: 25 November, 2024



দুবাইঃ এমিরেটস এয়ারলাইন ও ফ্লাইদুবাইয়ের লয়্যালটি প্রোগ্রাম এমিরেটস স্কাইওয়ার্ডস এর সদস্যরা চলতি মৌসুমে হোটেল, শপিং, ডাইনিংসহ বিভিন্ন পরিষেবা গ্রহণের ক্ষেত্রে অতিরিক্ত মাইল (পয়েন্ট) অর্জনের সুবিধা পাবেন। স্কাইওয়ার্ডস পার্টনার প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে এই সুবিধা পাওয়া যাবে। সদস্যরা অর্জিত মাইল ব্যবহার করে পরবর্তীতে এয়ার টিকিট, ফ্লাইট আপগ্রেড, হোটেল রুম, বিভিন্ন আন্তর্জাতিক ইভেন্টের টিকিটসহ অন্যান্য অনেক সুবিধা গ্রহণ করতে পারবেন।

‘স্কাইওয়ার্ডস মল’ ওয়েবসাইটের মাধ্যমে ৫ ডিসেম্বর ২০২৪ এর মধ্যে কোনও পন্য ক্রয়ের ক্ষেত্রে ৩০ শতাংশ বোনাস মাইল পাওয়া যাবে। ৩১ মার্চ ২০২৫ এর মধ্যে ভিসা কার্ডের মাধ্যমে ন্যূনতম ১৮৫ ইউএই দিরহামের পন্য ক্রয়ে পাওয়া যাবে অতিরিক্ত ২,০০০ মাইল। তবে, প্রথম ক্রয়ের ক্ষেত্রেই শুধু এটি প্রযোজ্য হবে। গিফট কার্ড ভাউচার ক্রয়ে ন্যূনতম ২,০০০ মাইল অর্জনের সুযোগ রয়েছে।

তিন শতাব্দীক পার্টনার প্রতিষ্ঠানে ‘স্কাইওয়ার্ডস এভরিডে’ অ্যাপের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রেও থাকছে বোনাস মাইল অর্জনের সুবিধা। অ্যাপটি ডাউনলোড করার পর অনূর্ধ্ব পাঁচটি ভিসা অথবা মাস্টারকার্ড ডেবিট কার্ড, বা ক্রেডিট কার্ড নম্বর সেইভ করার অপশন থাকছে। প্রতিটি ক্রয়ের ক্ষেত্রেই মিলছে মাইল। ভিসা ডেবিট অথবা, ক্রেডিট কার্ডের মাধ্যমে প্রথম লেনদেনের ক্ষেত্রে চারগুন মাইল অর্জন করা যাবে। ৫ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত এই অফারটি কার্যকর থাকবে।

যুক্তরাজ্য এবং ইউরোপের ৯টি ভিলেজে বিশ্বখ্যাত লাইফস্টাইল ও ফ্যাশন ব্র্যান্ড দা বাইসেস্টার কালেকশনের আউটলেটে আগামী ৫ জানুয়ারী ২০২৫ পর্যন্ত ন্যূনতম নির্দিষ্ট পরিমাণ ক্রয়ের ক্ষেত্রে দ্বিগুন এবং তিনগুন পর্যন্ত বোনাস মাইল পাবেন স্কাইওয়ার্ডস সদস্যরা।

সারাবিশ্বের বিস্তৃত শতশত এমিরেটস স্কাইওয়ার্ডস হোটেলগুলোতে প্রতি রাত্রী যাপনের জন্য অতিরিক্ত ২৫ শতাংশ বোনাস মাইল পাওয়া যাবে। তবে, এক্ষেত্রে সদস্যদের এমিরেটস স্কাইওয়ার্ডস কো-ব্র্যান্ডেড ক্রেডিট কার্ডের মাধ্যমে পেমেন্ট করতে হবে। ৩১ মার্চ ২০২৫ পর্যন্ত এই হোটেলগুলোতে প্রথমবার বুকিং করলে এবং ভিসা কার্ডের মাধ্যমে পেমেন্ট করলে ৫,০০০ বোনাস মাইল অর্জন করা যাবে।

সারাবিশ্বে বর্তমানে এমিরেটস স্কাইওয়ার্ডস সদস্যের সংখ্যা ৩ কোটি ৩০ লাখের বেশি। এমিরেটস অথবা ফ্লাইদুবাই অথবা স্কাইওয়ার্ডস পার্টনারদের বিভিন্ন পরিষেবা গ্রহণের মাধ্যমে সদস্যরা মাইল অর্জন করে থাকেন, যা পরবর্তীতে বিভিন্ন সুবিধা গ্রহণের জন্য ব্যয় করার সুযোগ রয়েছে।

-N